গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা : ২২৫/২০১৭-১৮
ঢাকা, রোববার, ২০ মে ২০১৮, ৬ জ্যৈষ্ঠ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ওলামা মুক্তিযোদ্ধা ও এতিমদের জন্য বঙ্গভবনে আজ রাষ্ট্রপতির ইফতার

২। বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ আন্তর্জাতিক পরিমণ্ডলে অনন্য নজির : বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদনশেষে স্পিকার

৩। ৮ জুনের মধ্যে সব সড়ক সংস্কারের নির্দেশ সড়কমন্ত্রীর

৪। সাংবাদিক নির্যাতনের ঘটনা তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

৫। কুমিল্লার পদুয়াবাজার বিশ্বরোডে ইউলুপ নির্মাণ হবে : পরিকল্পনামন্ত্রী

৬। প্রতিবন্ধীদের সুরক্ষায় কাজ করছে সরকার : প্রবাসীকল্যাণ মন্ত্রী

৭। দুই মাসের মধ্যে ভাসানচরে যাবে এক লাখ রোহিঙ্গা : উখিয়ায় দুর্যোগ প্রস্তুতির মহড়া উদ্বোধনকালে ত্রাণ সচিব

৮। রমজানে রাস্তা ও ফুটপাত হকারমুক্ত করার নির্দেশ ডিএমপি কমিশনারের

৯। বস্ত্রখাতের শ্রমিকদের ন্যূনতম মজুরি ৫,৭১০ টাকা চূড়ান্ত করে প্রজ্ঞাপন

১০। আজ বিশ্ব মেট্রোলজি দিবস

চলমান পাতা-২

১। ওলামা মুক্তিযোদ্ধা ও এতিমদের জন্য বঙ্গভবনে আজ রাষ্ট্রপতির ইফতার

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ আলেম-ওলেমা, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, বীরশ্রেষ্ঠ পরিবারের সদস্য, এতিম এবং বঙ্গভবনের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য আজ (২০ মে রোববার) এক ইফতার পার্টির আয়োজন করবেন। বঙ্গভবনের দরবার হলে এ ইফতার পার্টির আয়োজন করা হবে। ইফতারের আগে দেশের অব্যাহত শান্তি, অগ্রগতি ও সমৃদ্ধির জন্য মহান আল্লাহর দরবারে বিশেষ মোনাজাত করা হবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৩)।

২। বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ আন্তর্জাতিক পরিমণ্ডলে অনন্য নজির : বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদনশেষে স্পিকার

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণের মাধ্যমে আন্তর্জাতিক পরিমণ্ডলে অনন্য নজির স্থাপন করেছে বাংলাদেশ। এ গৌরবময় বিরল অর্জন আমাদের সকলের। বঙ্গবন্ধু স্যাটেলাইট এর সফল উৎক্ষেপণ উপলক্ষে গতকাল (১৯ মে শনিবার) রাজধানীর ধানমন্ডির ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদনশেষে গণমাধ্যমের সঙ্গে এক প্রতিক্রিয়ায় স্পিকার এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৭), **যুগান্তর** (পৃ.১৭,ক.১), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১)।

৩। ৮ জুনের মধ্যে সব সড়ক সংস্কারের নির্দেশ সড়কমন্ত্রীর

ঈদযাত্রাকে সামনে রেখে আগামী ৮ জুনের মধ্যে দেশের সব সড়ক সংস্কার করতে সংশ্লিষ্টদের প্রতি নির্দেশ দিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল (১৯ মে শনিবার) গাজীপুরের কালিয়াকৈর উপজেলার সূত্রাপুর এলাকায় চার লেন প্রকল্পের কার্যালয়ে এক মতবিনিময় সভাশেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

৪। সাংবাদিক নির্যাতনের ঘটনা তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

পুলিশও আইনের ঊর্ধ্বে নয় বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। তিনি বলেন, সাংবাদিক নির্যাতনের ঘটনা প্রমাণিত হলে তদন্ত কমিটি করে দোষী পুলিশ সদস্যের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। গতকাল (১৯ মে শনিবার) রাজধানীর ঢাকেশ্বরী মন্দিরে বাংলাদেশ পূজা উদ্‌যাপন পরিষদের জাতীয় কাউন্সিলের সমাপনী অনুষ্ঠানে এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী আরো বলেন, আগামী নির্বাচনকে সামনে রেখে দেশে কোনও অশুভ শক্তিকে মাথাচাড়া দিয়ে উঠতে দেওয়া হবে না। প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী অসাম্প্রদায়িক বাংলাদেশে সংখ্যালঘু সম্প্রদায়সহ সবাই যেন নির্বিঘ্নে নিজের পছন্দের প্রার্থীকে ভোট দিতে পারে, সে ব্যবস্থা নেওয়া হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **সমকাল** (পৃ.২,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

৫। কুমিল্লার পদুয়ার বাজার বিশ্বরোডে ইউলুপ নির্মাণ হবে : পরিকল্পনামন্ত্রী

কুমিল্লার পদুয়ার বাজার বিশ্বরোডের যানজট নিরসনে ইউলুপ নির্মাণ করা হবে বলে জানিয়েছেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। তিনি জানান, খুব শীঘ্রই এটির কাজ শুরু হবে। ইউলুপ নির্মাণ করা হলে নোয়াখালী, লক্ষ্মীপুর, ফেনী, চাঁদপুর জেলা ও কুমিল্লার সাতটি উপজেলার মানুষ উপকৃত হবে। গতকাল (১৯ মে শনিবার) কুমিল্লার নাঙ্গলকোট উপজেলার বক্সগঞ্জ ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে ইফতার মাহফিল উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯ ,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক ১)।

৬। প্রতিবন্ধীদের সুরক্ষায় কাজ করছে সরকার : প্রবাসীকল্যাণ মন্ত্রী

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী নুরুল ইসলাম বিএসসি বলেছেন, প্রতিবন্ধীরা রাষ্ট্রের বোঝা নয়। এ বিষয়টিকে মাথায় রেখেই দৃষ্টিপ্রতিবন্ধীসহ সব প্রতিবন্ধীর উন্নয়ন ও সুরক্ষায় বর্তমান সরকার আন্তরিকভাবে কাজ করছে। গতকাল (১৯ মে শনিবার) রাজধানীর কারওয়ান বাজারের বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন করপোরেশনে বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। দৃষ্টিপ্রতিবন্ধী শিক্ষার্থীদের অংশগ্রহণে 'যুক্তি আলোয় দেখি' শীর্ষক এ প্রতিযোগিতার আয়োজন করে ডিবেট ফর ডেমোক্রেসি। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৭), **বণিক বার্তা** (পৃ.২,ক.৪)।

৭। দুই মাসের মধ্যে ভাসানচরে যাবে এক লাখ রোহিঙ্গা :
উখিয়ায় দুর্যোগ প্রস্তুতির মহড়া উদ্বোধনকালে ত্রাণ সচিব

আগামী দুই মাসের মধ্যে এক লাখ রোহিঙ্গাকে নোয়াখালীর ভাসানচরে সরিয়ে নেয়া হবে বলে জানিয়েছেন ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের সচিব এস এম শাহ কামাল। গতকাল (১৯ মে শনিবার) কক্সবাজারের উখিয়ার বালুখালী রোহিঙ্গা ক্যাম্প এলাকায় দুর্যোগ মোকাবিলার প্রস্তুতি মহড়ার উদ্বোধনের সময় একথা জানান তিনি। সচিব বলেন, কক্সবাজারের বিভিন্ন ক্যাম্পে এক লাখ ৩৩ হাজার রোহিঙ্গা পরিবার আশ্রয় নিয়েছে। এদের মধ্যে ৩২ হাজার পরিবার প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকিতে রয়েছে। এদের নিরাপদ স্থানে সরিয়ে নেয়ার কাজ চলছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৩)।

৮। রমজানে রাস্তা ও ফুটপাত হকারমুক্ত করার নির্দেশ ডিএমপি কমিশনারের

রাজধানীতে রমজান মাসে রাস্তা ও ফুটপাত হকারমুক্ত রাখার নির্দেশ দেওয়া হয়েছে। গতকাল (১৯ মে শনিবার) ঢাকা মেট্রোপলিটন পুলিশের সদরদফতরে আয়োজিত ট্রাফিক ব্যবস্থাপনা ও হকার নিয়ন্ত্রণে বিশেষসভায় ট্রাফিক বিভাগের উদ্দেশে এমন নির্দেশনা দেন ডিএমপি কমিশনার মো. আছাদুজ্জামান মিয়া। তিনি বলেন, রমজান উপলক্ষে রাস্তা, শপিংমল, স্টেশন ও টার্মিনালকেন্দ্রিক বিশেষ নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫)।

৯। বস্ত্রখাতের শ্রমিকদের ন্যূনতম মজুরি ৫,৭১০ টাকা চূড়ান্ত করে প্রজ্ঞাপন

পোশাক খাতের পশ্চাৎ সংযোগ (ব্যাকওয়ার্ড লিংকেজ) শিল্পে বস্ত্রখাতের শ্রমিকদের ন্যূনতম মজুরি ৫ হাজার ৭১০ টাকা চূড়ান্ত করেছে এ সংক্রান্ত মজুরি বোর্ড। সম্প্রতি এ খাতের নতুন মজুরি কাঠামো নিয়ে বোর্ডের চূড়ান্ত সুপারিশ গেজেট আকারে প্রকাশ করা হয়েছে। সূত্র-**বণিক বার্তা** (শেষ পৃ.,ক.৮)।

১০। আজ বিশ্ব মেট্রোলজি দিবস

আজ (২০ মে রোববার) 'বিশ্ব মেট্রোলজি দিবস'। 'আন্তর্জাতিক পদ্ধতির এককসমূহের ক্রমবিবর্তন' এ প্রতিপাদ্য সামনে রেখে বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও বিএসটিআই'র উদ্যোগে দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন করা হচ্ছে। এ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির ভাতা সরাসরি ভাতাভোগীর নিকট পৌঁছে দিতে সাত উপজেলায় পরীক্ষামূলক চালু ডিজিটাল পদ্ধতি জিটুপি পদ্ধতির সাফল্য সারা দেশের সব সুবিধাবঞ্চিতের কাছে ছড়িয়ে দেওয়ার আহ্বান।

খ. **প্রথম আলো, যায়যায়দিন :** রমজানে প্রায় সব খাদ্যপণ্যের দাম বিভিন্ন মাত্রায় বেড়ে যাওয়ায় জনদুর্ভোগ লাঘবে বাজার নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ নেওয়ার প্রত্যাশা।

গ. **জনকণ্ঠ :** দেশকে মাদকমুক্ত করতে মাদক বিক্রেতাদের বিরুদ্ধে সরকার ঘোষিত জিরো টলারেন্স নীতির পরিপূর্ণ বাস্তবায়ন জরুরি বলে অভিমত।

ঘ. **সমকাল :** মধ্যপ্রাচ্যে বাংলাদেশি অভিবাসী নারী শ্রমিকদের নিরাপত্তা ও মর্যাদা নিশ্চিত করতে এ খাতে কর্মরত সরকারি ও বেসরকারি সংস্থাগুলোকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান।

ঙ. **যুগান্তর :** চট্টগ্রামে পাহাড় ধসে প্রাণহানি ও ক্ষয়ক্ষতির ব্যাপারে চট্টগ্রাম বিভাগীয় কমিশনারের নেতৃত্বে কমিটির দেওয়া সুপারিশ দ্রুত বাস্তবায়নের পাশাপাশি পাহাড়ে ঝুঁকিপূর্ণ বসবাসকারীদের পুনর্বাসনে সরকারকে কার্যকর পদক্ষেপ নেওয়ার প্রত্যাশা।

চ. **ডেইলি সান :** ঢাকার যাত্রাবাড়ি-ডেমরা সড়কের কদর্মাক্ত অবস্থা তুলে ধরে সড়ক খোড়াখুড়ির কাজ ও প্রকল্প বাস্তবায়নের কাজ যথাসময়ে সম্পন্নের ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি স্টার :** চা শ্রমিকদের বিদ্যমান ন্যূনতম মজুরি ৮৫ টাকা দিয়ে জীবন-যাপন দুর্বিসহ হওয়ায় তাদের ন্যূনতম মজুরি বৃদ্ধিকরাসহ তাদের নিয়োগ চুক্তি ও ওভারটাইম সুবিধা নিশ্চিত করার সুপারিশ।

জ. **অবজারভার, ভোরের কাগজ :** রাসায়নিক পদার্থে পাকানো ফলমূল জনস্বাস্থ্যের জন্য মারাত্মক ক্ষতিকর হওয়ায় সবার জন্য নিরাপদ খাদ্য নিশ্চিত করতে ভেজালের বিরুদ্ধে কঠোর প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

জনকণ্ঠ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, গৌরবের সঙ্গে লাল-সবুজ পতাকায় শোভিত বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপিত হওয়ায় মহাকাশে বাংলাদেশ নতুন মাত্রায় নন্দিত হয়েছে।

নিবন্ধ ও ফিচার

যুগান্তর পত্রিকায় প্রকাশিত **'রফতানি বৃদ্ধির নতুন দরজা ই-কমার্স'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, দেশের আনাচে-কানাচে গড়ে ওঠা ছোট ছোট শিল্পের ক্লাস্টারকে সংগঠিত করে পরামর্শ ও প্রশিক্ষণ প্রদানের দ্বারা ই-কমার্স নেটওয়ার্কে সংযুক্ত করা গেলে তারা আরও দক্ষ হয়ে আন্তর্জাতিক বাজারে প্রবেশের উপযুক্ত হবে।

#

ডালিয়া/খাদীজা/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা